


শিক্ষা-যুক্তি-বিজ্ঞান-মানবতা হোক  
আমাদের আলোকবর্তিকা

# মুক্তাশ্বেতা

প্রথম বর্ষ | প্রথম সংখ্যা | জুলাই ২০০৭



শিক্ষা আন্দোলন মঞ্চ ও মুক্তমনা


শিক্ষা-যুক্তি-বিজ্ঞান-সংস্কৃতি বিষয়ক মান্বাসিক

‘ শিক্ষা-যুক্তি-বিজ্ঞান-মানবতা হোক  
আমাদের আলোকবর্তিকা ’

# মুক্তাশ্বেতা

প্রথম বর্ষ | প্রথম সংখ্যা | জুলাই ২০০৭

প্রয়াত শিল্পী নিতুন কুণ্ডুর  
স্মরণে



শিক্ষা আন্দোলন মঞ্চ ও মুক্তমনা

## পরিচালনা পর্ষদ

আকমল হোসেন  
এইচ কে এস আরেফিন  
বশীর আল হেলাল  
আবিনুর রেজা  
শামসুল ওয়ারেস  
মামুনুর রশীদ  
সফিউদ্দিন আহম্মেদ  
মাওলানা হোসেন আলী  
ওয়াহিদুর রেজা  
সৈয়দ আবুল কালাম  
মাহবুব সাঈদ  
মাহফুজা খানম  
হারুন আল রশীদ  
কাওসার চৌধুরী  
জাহেদ আহমদ

## সম্পাদনা পর্ষদ

অজয় রায়, সম্পাদক  
শহিদুল ইসলাম, সদস্য  
হাসান আজিজুল হক, সদস্য  
অনন্ত বিজয় দাশ, সদস্য  
সাইফুর রহমান তপন, সহযোগী সম্পাদক

যোগাযোগ

৬/৭, সেগুনবাগিচা

বি/৬, ভেমিনো এন্ডেরাজো, ঢাকা-১০০০

টেলিফোন: ৬৬৬৮৬৪০৪৭১, ০১৭১৬০১৫২৭০

ই-মেইল: [tapan@spb.org.bd](mailto:tapan@spb.org.bd)

মুদ্রণ: সুন্দরম | ০১৮১৯-২৭৯৬২৯

দাম: ৩০.০০

বিশেষ: USD 3.00

## সম্পাদকীয়

### সূচীপত্র

# সম্পাদকীয়

## সম্পাদকীয় ৫

ত্রিশ লক্ষ শহীদ- মিথ নাকি বাস্তবতা? | মুক্তি ৭

আলোকিত চিত্তই পারে বাংলাদেশ রাষ্ট্রব্যবস্থার লোকায়তকরণ | এ এইচ জাফরউল্লাহ/ অনুবাদ: অজয় রায় ১১

বিশ্বাস কি মানব মনে প্রোথিত? | আশিক মাহমুদ রূপম ১৪

ঈশ্বর বিক্রান্তি ও প্রবন্ধনা | রিচার্ড ডকিগ / অনুবাদ: অজয় রায় ১৭

মানুষের পয়শখর হয়ে ওঠার সুলুক-সন্ধান | দীক্ষক দ্রাবিড় ২৫

মহাপ্রাবনের বাস্তবতা: পৌরাণিক অতিকথন বনাম বৈজ্ঞানিক অনুসন্ধান | অনন্ত বিজয় দাশ ৩৩

ভাববাদী বনাম বস্ত্তবাদী মুক্তিবাদ | শহিদুল ইসলাম ৪১

ডারউইন কী ভাবে বিজ্ঞানী হলেন | জাহেদ আহমদ ৪৫

নিম্নিত নকসা নাকি অজ্ঞানতা? | অভিজিৎ রায় ৪৮

বিজ্ঞান, শিল্প ও নন্দন তত্ত্ব | অপার্ণিৎ ৫৪

শিক্ষা সংস্কার: কয়েকটি বিবেচ্য বিষয় | মাওলানা হোসেন আলী ৬০

শিক্ষা ও সংস্কৃতি | মামুনুর রশীদ ৬৬

আমাদের বিয়োগের খাতায় মানুষজন | নাদিম মোহাম্মদ ও রেহনুমা আহমেদ ৬৮

রাজনৈতিক বর্বরতার এক করুণ কাহিনী | মেহল কামদার অনুবাদ: কাওসার চৌধুরী ৭০

পাক-মন শেয়ার | আনোয়ার সাদাত শিমুল ৭২

আমাদের সন্ধ্যাম চলাবেই

ফুলবাড়ী কমালা প্রকল্প ও গণঅভ্যুত্থান | হারুনদার আকবর খান রনো ৭৪

বিষন্ন এক সন্ধ্যামী নারীর মুখোমুখী | অজয় রায় ৭৭

... পাখি হয়েছে ফিরব একদিন | তসলিমা নাসরিন ৭৮

পুস্তকের জগতে

## সম্পাদকীয়

‘মুক্তাশ্বেষা’ শিক্ষা আন্দোলন মঞ্চ ও মুক্তমনার একটি যৌথ প্রয়াস। সাহিত্য ও সংস্কৃতির জগতে সাপ্তাহিক, মাসিক ও ত্রৈমাসিকের অভাব না থাকলেও, বিজ্ঞান-সংস্কৃতি-শিক্ষা নিয়ে পত্র পত্রিকার বড় অভাব। বিশেষ করে যুক্তিবাদ ও বিজ্ঞানমনস্কতা নিয়ে প্রকাশিত প্রতিকা খুব একটা নজরে পড়ে না। অথচ বিভাগপূর্ব বাংলাদেশে শুধু কোলকাতাতেই নয় পূর্ববঙ্গে- ঢাকাতেও মুক্তবুদ্ধি চর্চার ঐতিহ্য সৃষ্টি হয়েছিল। প্রগতিশীল মুসলিম সমাজের উদ্যোগে মুক্তবুদ্ধি চর্চার প্রতিষ্ঠান ‘শিখা গোষ্ঠী’ জন্ম নিয়েছিল বিংশ শতাব্দীর বিশের দশকের গোড়ায়, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরপরই। তারা প্রকাশ করেছিল যুক্তিবাদী প্রতিকা ‘শিখা’, যার শ্লোগান ছিল:

“জ্ঞান যেখানে সীমাবদ্ধ  
যুক্তি যেখানে আরষ্ট  
মুক্তি সেখানে অসম্ভব।”

প্রায় একই সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগ থেকে বিজ্ঞানী সত্যেন বোসের উদ্যোগে ও সম্পাদনায় প্রকাশিত হয়েছিল ত্রৈমাসিক বিজ্ঞান পত্রিকা ‘বিজ্ঞান পরিচয়’। আমরা এই ঐতিহ্যের উত্তরসূরী হিসেবে প্রকাশ করতে চলেছি বিজ্ঞান যুক্তি শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক একটি ষাণ্মাসিক পত্রিকা ‘মুক্তাশ্বেষা’-যার মর্মবাণী হবে “শিক্ষা-যুক্তি-বিজ্ঞান-মানবতা হোক আমাদের আলোকবর্তিকা।”

এর মাধ্যমে সমাজে আমরা প্রতিষ্ঠা করতে চাই যুক্তিবাদ, বিজ্ঞানমনস্কতা ও মানবকল্যাণবোধ- যা মুক্তিবুদ্ধির চর্চাকে ত্বরান্বিত ও প্রসারিত করবে; মানবিক মূল্যবোধে সেকুলার সম সমাজ প্রতিষ্ঠার পথ সুগম হবে।

আমরা প্রথম সংখ্যাটি প্রয়াত জননন্দিত শিল্পী নিতুন কুণ্ডুর নামে নিবেদন করেছি। নিতুন কুণ্ড একদিকে যেমন সারা জীবন বৈচিত্র্যময়ী সুকুমার শিল্পের সাধনা করেছেন, অন্যদিকে সৃষ্টি-সুন্দর শিল্পচেতনাকে রূপান্তর করেছেন বস্তুর্তম শিল্পের জগতেও। তাই তিনি একাধারে শিল্পী আবার শিল্পপতি। আমরা কামনা করব নিতুন আমাদের মাঝে বেঁচে থাকবেন, বেঁচে থাকবে তাঁর নন্দন শিল্প ও বস্ত্র শিল্প যুগযুগ ধরে-অনন্তকাল।

শিক্ষা আন্দোলন মঞ্চ ও মুক্তমনার যৌথ উদ্যোগে পত্রিকাটি বের হচ্ছে। শিক্ষানুরাগীদের নিয়ে গঠিত শিক্ষা আন্দোলন মঞ্চ একটি আন্দোলন যার মধ্য দিয়ে আমরা বাংলাদেশে একটি সর্বজনীন, বৈশ্বম্যাহীন, সেকুলার, বিজ্ঞানভিত্তিক ও একমুখী শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠা করতে চাই। শিক্ষা আন্দোলন মঞ্চ আনুষ্ঠানিকভাবে এর কার্যক্রম শুরু করে ২০০৪ সালের ডিসেম্বর মাস থেকে। অন্যদিকে মুক্তমনা একটি সাইবারনেটভিত্তিক মূলত প্রবাসী বাঙালীদের মুক্ত আলোচনার ফোরাম, আত্মপ্রকাশ করে ২০০১ সালের ২৬শে মে তারিখে মাত্র ৩০ জন সদস্য নিয়ে – আজ এটি একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সদস্য সংখ্যা দু’হাজার অতিক্রম করে গেছে।

আমাদের এই ক্ষুদ্র প্রয়াসে আপনার সক্রিয় সহযোগিতা চাই।